

নথি নং- জারাবো/বাজেট সমন্বয়/২০১৭-২০১৮/২৮৫২

তারিখঃ ২১/০৩/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ আপনার মন্ত্রণালয়/বিভাগের এখতিয়ারাধীন বিষয়/খাতের উপর শুদ্ধ ও কর সংক্রান্ত বাজেট প্রস্তাব প্রেরণ।

আপনি অবগত আছেন যে, বাংলাদেশের দ্রুত ও টেকসই উন্নয়নের লক্ষ্যে সরকার রূপকল্প ২০২১, ২০৪১ ও পঞ্চবার্ষিক পরিকল্পনার পাশাপাশি বার্ষিক বাজেট এর মাধ্যমে বিভিন্নমুখী উন্নয়ন ও অর্থনৈতিক কর্মসূচী গ্রহণ করে থাকে। প্রতিবছরের বাজেটে সরকারের চাহিত রাজস্ব চাহিদা পূরণ, দেশে নিত্য প্রয়োজনীয় পণ্য সুলভে সরবরাহ ও ব্যবসায় এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নের লক্ষ্যে আমদানি শুল্ক, স্থানীয় ভ্যাট ও আয়কর সংক্রান্ত নীতি প্রস্তাব করা হয়। সে উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ অন্যান্য বছরের ন্যায় আসন্ন ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে ইতোমধ্যে প্রথিতযশা অর্থনীতিবিদ, পেশাজীবিসহ ব্যবসায়ী সম্প্রদায়ের বিভিন্ন সমিতি/প্রতিষ্ঠান/ব্যক্তি হতে প্রস্তাব চেয়েছে। একই বিষয়ে তাদের সাথে আলোচনাও শুরু করেছে। দেশের দ্রুত উন্নয়নের লক্ষ্যে সরকারের সামগ্রিক উন্নয়ন নীতিমালার পরিপূরক/সহায়ক নীতি হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড একটি রাজস্ব, ব্যবসা ও জনবান্ধব বাজেট প্রণয়নে বদ্ধপরিকর। সেজন্য বেসরকারী খাতের পাশাপাশি সরকারী খাত বিশেষতঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে তার এলাকা/এখতিয়ারাধীন খাত সম্পর্কিত শুদ্ধ কর, স্থানীয় ভ্যাট এবং আয়কর সংক্রান্ত প্রস্তাব পাওয়া গেলে উক্ত জনবান্ধব ও উন্নয়ন বান্ধব বাজেট প্রণয়ন সহজতর হবে।

বর্ধিতবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগের এখতিয়ারাধীন বিষয় ও খাত সম্পর্কে কোন বাজেট প্রস্তাব বা মতামত থাকলে তা জরুরীভিত্তিতে নিম্নের ছকে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী নতুন ভ্যাট ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (<http://nbr.gov.bd/uploads/acts/6.pdf>) আগামী ০১ জুলাই ২০১৭ হতে কার্যকর হবে বিধায় এ আইনের প্রস্তাবে/কারণে আপনার এখতিয়ারাধীন খাতসমূহ ও তার অংশীজনদের ক্ষেত্রে আমদানি শুল্ক, ভ্যাট এবং আয়কর এর বিদ্যমান নীতি কার্যমোতে কোন বিশেষ পরিবর্তন দরকার হলে তাও প্রস্তাব কল্পে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	প্রস্তাবের বিষয়	প্রস্তাব	প্রস্তাবের পক্ষে যুক্তি
১	২	৩	৪

[মোঃ মজিবুর রহমান]
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১-৩৩০

তারিখঃ ০২/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়ািলিপি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

[লুৎফুন নাহার]
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

বিতরণ কার্যার্থে:-

১. চেয়ারম্যান,..... উপজেলা পরিষদ।
২. উপজেলা নির্বাহী অফিসার উপজেলা।
৩. ভাইস চেয়ারম্যান (সকল), উপজেলা পরিষদ।
৪. জনস্বাক্ষর
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।